ইত্তেফাক

তারিখ ১৪/১/৮২

পৃষ্ঠা... ... কলাম... ...

২৪৬

058

# ৯ মাসেও পরীক্ষার ফল প্রকাশিত না হওয়ায়—

নীলফামারী (রংপুর), ১১ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)— এই মহকুমায় সরকারী প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য সংশ্লিষ্ট প্যানেল কমিটি গত বৎসর এপ্রিল মাসে প্রার্থীদের পরীক্ষা গ্রহণ করে। কিন্তু দীর্ঘ ৯ মাসের মধ্যেও সে পরীক্ষার ফলাফল প্রকাশিত না হওয়ায় শিক্ষক নিয়োগ সম্ভব হইতেছে না। এদিকে প্রার্থীরা হতাশার মধ্যে দিন কাটাইতেছেন। কোন কোন প্রার্থীর বয়সসীমা উত্তীর্ণ হইয়াছে এবং আরও অনেকের উত্তীর্ণ হইতে চলিয়াছে বলিয়া জানা গিয়াছে।

প্যানেল কমিটির সম্পাদক ও শিক্ষা বিভাগের জনৈক কর্মকর্তার সহিত যোগাযোগ করা হইলে উভয়ে জানান, কমিটির চেয়ারম্যান (এম, পি) দীর্ঘদিন যাবৎ ঢাকায় অবস্থান করায় পরীক্ষার ফল প্রকাশ ও প্যানেল তৈরীর ব্যাপারে অচলাবস্থা বিরাজ করিতেছে। এদিকে জেলার অপর ৪টি মহকুমায় প্যানেল তৈরীর মাধ্যমে শিক্ষক নিয়োগের কাজ সম্পন্ন হইয়াছে বলিয়া জানা গিয়াছে।